নিখোঁজ যুবকের দেহ পুকুর থেকে উদ্ধার

নিজস্ব প্রতিবেদন, মালদা: রেলকর্মী খুনের রেশ কাটতে না-কাটতেই ফের মালদা শহরের রেল কলোনি এলাকায় পুকুর থেকে এক যুবকের মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়াল। তিনদিন ধরে নিখোঁজ থাকা ওই যুবকের দেহ মঙ্গলবার সকালে রেল কলোনি এলাকার একটি পুকুর থেকে উদ্ধার করে ইংরেজবাজার থানার পুলিশ। পুলিশ সুত্রে জানা গিয়েছে, মৃতের নাম দীপক রবিদাস (২১)।

এই ঘটনায় বাড়ির ছেলেকে দুষ্কৃতীরা খুন করেছে বলে অভিযোগ দায়ের করেছেন পরিবারের লোকেরা। মৃতের মা সুশীলা রবিদাস পেশার রেলকর্মী। তিনি জানিয়েছেন, তাঁদের বাড়ি মুর্শিদাবাদে। সম্প্রতি তাঁরা মালদায় ঝলঝলিয়া এলাকায় বাড়ি ভাড়া নিয়ে থাকছিলেন। রবিবার সন্ধ্যায় বাড়ি থেকে বের হয় তাঁর ছেলে। এরপর থেকে ছেলের কোনও খোঁজ পাওয়া যাচ্ছিলো না। মঙ্গলবার সকালে পুকুরে মৃতদেহ ভেসে ওঠার খবর স্থানীয়দের কাছ থেকে শুনতে পান তিনি।

মালদা

এদিন সকালে বিষয়টি জানতে পেরে ওই এলাকায় যান স্থানীয় কাউন্সিলর নরেন্দ্রনাথ তেওয়ারি। পরে পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মেডিক্যাল কলেজে পাঠানোর ব্যবস্থা করে।

ইংরেজবাজার থানার পুলিশ জানিয়েছে ,মৃতদেহটি ময়না তদন্তের জন্য মালদা মেডিক্যাল কলেজের মর্গে পাঠানোর ব্যবস্থা করা হয়েছে। তবে এটি খুন না-আত্মহত্যা, তা ময়নাতদন্তের রিপোর্ট পাওয়ার পরই বলা যাবে।

ট্রেনের ধাক্কায় মৃত্যু যুবকের

নিজস্ব প্রতিবেদন, গোপালনগর: ট্রেনের ধাক্কায় মৃত্যু হল এক যুবকের। মঙ্গলবার গোপালনগরের বনগাঁ-রানাঘাট ট্রেন লাইনের পাশ থেকে ওই যুবকের দেহ উদ্ধার করা হয়। এদিন দুপুরে গোপালনগর রামচন্দ্রপুরে বনগাঁ-রানাঘাট লাইনের পাশে ওই যুবকের মৃতদেহ পড়ে থাকতে দেখেন এলাকার বাসিন্দারা। দেহ দেখে তাঁরা সনাক্ত করেন, রায়পুরের বাসিন্দা ওই ১৮ বছরের যুবকের নাম অভিক গঙ্গোপাধ্যায়।

গোপালনগর

এলাকার মানুষের অনুমান ট্রেনের ধাক্কায় মৃত্যু হয়েছে ওই যুবকের। মৃত যুবকের কানে হেডফোন ছিল বলে জানিয়েছেন এলাকার মানুষ।

মৃত যুবকের মা মিলি গঙ্গোপাধ্যায় জানিয়েছেন, মঙ্গলবার সকাল ৭টায় ছেলে বাড়ি থেকে বেরিয়ে ছিল। কিন্তু বাড়ি না-ফেরায় খোঁজাখুঁজি করতেই এলাকার মানুষ জানায়, রেললাইনের পারে অভিকের দেহ পড়ে রয়েছে। ছেলে মোবাইলে গেম খেলত বলে জানিয়েছেন মা। সেক্ষেত্রে কী করে ট্রেনের ধাক্কায় মৃত্যু হয়েছে ছেলের, তা বুঝতে পারছেন না পরিবারের সদস্যরা।

খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় বনগাঁ জিআরপিএফের পুলিশ কর্মীরা। পুলিশের প্রাথমিক তদন্তে অনুমান, ট্রেনের ধাক্কায় মৃত্যু হয়েছে যুবকের। বুধবার মৃতদেহ ময়নাতদন্ত হবে বনগাঁ হাসপাতালে।

অগ্নিদগ্ধ হয়ে মৃত্যু একই পরিবারের তিন জনের

নিজস্ব প্রতিবেদন, কাটোয়া: অগ্নিদগ্ধ হয়ে প্রাণ গেল একই পরিবারের তিন জনের। সোমবার রাত সোওয়া তিনটে নাগাদ মর্মান্তিক ঘটনাটি ঘটেছে মন্তেশ্বরের বাঘাসন গ্রামে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ঘটনায় মৃত্যু হয়েছে সুদেবচন্দ্র দে (৩৯), সুদেবের স্ত্রী রেখাদেবী (২৮) ও তাদের ৮ বছরের সন্তান স্নেহাংশুর। বাড়ির দোতলার ঘরে মা-বাবা ও ভাইয়ের সঙ্গে শুয়েছিল বছর ১১-র মেয়ে রিমঝিম। আগুনের আঁচে দমবন্ধ অবস্থা সত্ত্বেও কোনওরকমে বাইরে চলে আসে সে। শরীরে পোড়ার ক্ষত নিয়েও বাবার ফোন থেকে আত্মীয় ও পড়শিদের ডাকে। খবর পেয়ে আসে পুলিশও। জলের সাহায্যে আগুন আয়ত্তে এনে যখন সুদেববাবুদের উদ্ধার করা হয়, তখন তিনজনের গোটা শরীর পুড়ে কাঠ। পূর্ব বর্ধমানের অতিরিক্ত পুলিশ সুপার ধ্রুব দাস জানিয়েছেন, দেহগুলো ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠানো হয়েছে। মেয়েটিকে বর্ধমান মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে। কী কারণে এই ঘটনা ঘটল, তার খোঁজখবর করা হচ্ছে।

মন্তেশ্বর

ঘটনাটি কেন ঘটল, সে ব্যাপারে সকলেই মুখে কুলুপ এঁটেছেন। তবে স্থানীয় সূত্রে জানা গিয়েছে, রেল সুরক্ষা বাহিনীর কাটোয়া জংশন ইউনিটে কর্তব্যরত সুদেববাবুর বাজারে প্রচুর টাকা ধার হয়ে গিয়েছিল। মাইনের বড় অংশটাই চলে যেত ধারের কিস্তি শোধ করতে। সংসার চালাতে হিমশিম খাচ্ছিলেন তিনি। অসমর্থিত সূত্রের খবর, দেনার দায় থেকে মুক্তি পেতে সপরিবারে আত্মহত্যার সিদ্ধান্ত নেন সুদেববাবু। সেইমত সোমবার রাতে বাড়ির দোতলার শোওয়ার ঘরে কোনও দাহ্য তরল ছিটিয়ে খাটের পায়ার সঙ্গে নিজেদের পা কষে বেঁধে অগ্নিসংযোগ করেন। আগুন লাগার পর কোনওভাবে বাঁধন খুলে যায় সুদেববাবুর মেয়ে রিমঝিমের। তার ফলে ঘর থেকে কোনওরকমে বেরিয়ে আসতে সক্ষম হয় সে।

বাড়ির সীমানায় বেড়া দেওয়া নিয়ে দুই পরিবারের সংঘর্ষ

গুলিবিদ্ধ হয়ে মৃত ১, আহত ৪

নিজস্ব প্রতিবেদন, মালদা: বাড়ির সীমানায় বেড়া দেওয়াকে কেন্দ্র করে প্রতিবেশী দুই পরিবারের বচসায় রণক্ষেত্রের চেহারা নিল চাঁচল এলাকা। সংঘর্ষের মধ্যেই চলল গুলি। গুলিবিদ্ধ হয়ে মৃত্যু হল একজনের। এই হামলার ঘটনায় গুরুতর জখম হয়েছেন তিনজন। মঙ্গলবার সকালে চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে চাঁচল থানার চন্দ্রপাড়া গ্রাম পঞ্চায়েতের যদুপুর গ্রামে। আহতরা চাঁচল সুপার স্পেশ্যালিটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। এই ঘটনায় দুই হামলাকারীকে গ্রেপ্তার করেছে চাঁচল থানার পুলিশ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম মরবেজ আলি (৪২)। এদিন সকালে চাঁচল থানার ২ নম্বর ব্লকের চন্দ্রপাড়া গ্রাম পঞ্চায়েতের যদুপুর গ্রামের বাসিন্দা মরবেজ আলি নিজের বাড়ির সামনে বেড়া দিচ্ছিলেন। সেই সময় তাঁরই প্রতিবেশী সুখবার আলী ও বাবলু আলীরা মরবেজ আলিকে বেড়া দিতে বাধা দেয়। এর প্রতিবাদ জানায় মরবেজ। এরপরই শুরু হয় দুই পক্ষের মধ্যে বচসা। তখন সুখবার আলির ছেলে বাবলু আলি নিজের বাড়ি থেকে পিস্তল নিয়ে এসে মরবেজ আলিকে লক্ষ্য করে ৪ রাউন্ড গুলি চালায়। এক রাউন্ড গুলি মরবেজ আলির বুকে লাগে। ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন মরবেজ। জানা গিয়েছে, এই হামলার ঘটনাটি দেখতে পেয়ে পরিবারের অন্যান্য সদস্যরা বাঁচাতে আসলে, সুখবার আলীর দলবল মরবেজ আলির কাকা মহসীন আলিকে বাঁশ দিয়ে মেরে মাথা ফাটিয়ে দেয়। এরপরই দুই পক্ষের মধ্যে শুরু হয়ে যায় সংঘর্ষ। ঘটনায় আহত হয় চার জন। আহত চারজনকে স্থানীয়রা উদ্ধার করে চাঁচল সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যায়। এদের মধ্যে গুলিবিদ্ধ মরবেজ আলির অবস্থা সঙ্কটজনক হওয়ায় মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়। পথেই মরবেজ আলির মৃত্যু হয়। বাকীরা চাঁচল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। ঘটনার অভিযুক্তদের বিরুদ্ধে চাঁচল থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। চাঁচলের এসডিপিও সজল কান্তি বিশ্বাস জানিয়েছেন, ঘটনার অভিযোগের ভিত্তিতে সুখবার আলি ও বাবলু আলিকে গ্রেপ্তার করেছে চাঁচল থানার পুলিশ। পাশাপাশি মৃতদেহ ময়নাতদন্তের জন্য মালদা মেডিক্যাল কলেজে পাঠিয়ে, ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

সাংসদের এলাকার পাঁচটি থানায় বিজেপির কর্মসূচিতে বাধা

নিজস্ব প্রতিবেদন, দক্ষিণ ২৪ পরগনা: দক্ষিণ ২৪ পরগনায় ৫ টা সাবডিভিশনের ৪২ টা থানার মধ্যে ৩৭ থানায় বিজেপি সোমবার বিক্ষোভ ও স্মারকলিপি জমা দিলেও সাংসদ ও মুখ্যমন্ত্রীর ভাইপো অভিষেক বন্দ্যোপাধ্যায়ের এলাকার ৫টা থানায় দিতে পারেনি। পুলিশ সম্পূর্ণ দলীয় নিয়ন্ত্রণে থাকায়, এইসব থানায় পুলিশ কোনমতেই বিজেপির কোনও গণতান্ত্রিক আন্দোলন করতে দেয় না-বলে অভিযোগ বিজেপির। যদিও পুলিশ ও তৃণমূল এই ধরনের ঘটনা অস্বীকার করেছে। এদিনের আন্দোলন ছিল রাজ্যের ভেঙ্গে পড়া আইন শৃংখলা ব্যবস্থা ও শাসকদলের বেলাগাম হিংসার রাজনীতির বিরুদ্ধে ডেপুটেশন।

বিজেপির ডায়মন্ডহারবার সাংগঠনিক জেলার পক্ষ থেকে সুফল ঘাটু বলেন, ‘ জেলায় সবকটি থানায় আমরা কর্মসূচি পালন করেছি। কিন্তু বজবজ, ফলতা, রামনগর, নোদাখালি ও জীবনতলা এই পাঁচটি থানা বাদে সব থানায় বিক্ষোভ কর্মসূচি হয়েছে। এইসব থানায় বিক্ষোভ করা যাচ্ছেনা তৃণমূলের গুণ্ডাবাহিনীর অত্যাচারের কারণে। এখানকার আইসি, ওসি-রা দলীয় নির্দেশে চলেন। শাসক দলের কথামত কাজ করেন। এলাকায় বিজেপি-সহ বিরোধীদের কোনও মিটিং, মিছিল, ঘরোয়া বৈঠক করলে, পার্টি অফিসে ডেকে নিয়ে গিয়ে মারধর করা হয়। জোর করে তৃণমূলের ঝাণ্ডা ধরিয়ে দলে যুক্ত করানো হয়। অবাধ্য হলেই জলের লাইন কেটে দেওয়া,বিদ্যুৎ লাইন কেটে দেওয়ার কাজ করে চলেছে খান সেনার দল। তাকে মদত দিচ্ছে সাংসদের লোকজন বলে অভিযোগ।

দক্ষিণ ২৪ পরগনা

প্রসঙ্গত, দক্ষিণ ২৪ পরগনায় ৫ টা সাবডিভিশন। তারমধ্যে আলিপুর সাব ডিভিশনে সমস্যা বেশী। ৪২ টা থানার অন্যসব থানায় বিরোধী দল করা গেলেও এই ৫টা থানায় কোনও বিক্ষোভ কেন, দলই করা যাচ্ছে না। স্থানীয়দের অভিযোগ, তৃণমূলের গুণ্ডাবাহিনীর অত্যাচারের কারণে কথা পর্যন্ত বলা যায় না। কারণ, এখানকার আইসি, ওসি-রা দলের কথা মতো কাজ করে। তাঁদের আরও অভিযোগ, এলাকায় বিজেপি-সহ বিরোধীরা কোনও মিটিং-মিছিল কিংবা ঘরোয়া বৈঠক করলে, পার্টি অফিসে ডেকে নিয়ে গিয়ে মারধর করা, জোর করে তৃণমূলের ঝাণ্ডা ধরিয়ে দলে যুক্ত করানো, এসব হয়। অবাধ্য হলে জলের লাইন কেটে দেওয়া, বিদ্যুৎ লাইন কেটে দেওয়ার কাজ করে চলেছে তৃণমূল দল। যদিও পুলিশ এসব আভিযোগ অস্বীকার করেছে। পাল্টা বিজেপি অসত্য বলেছে বলে অভিযোগ এনেছে।

এক তৃণমূল নেতার অভিযোগ, আমাদের জনপ্রিয় সাংসদের নামে মিথ্যে কুৎসা করা হচ্ছে। ওদের সংগঠন নেই বলেও তিনি মন্তব্য করেন। সুফল ঘাটুর অভিযোগ, সাংসদের নিজের এলাকা বলে আমাদের ওপর অত্যাচার বেশী হচ্ছে। গণতান্ত্রিক আন্দোলনের গলা টিপে ধরা হচ্ছে।

বিনামূল্যে দুঃস্থদের চিকিৎসা করছেন জোয়েব

নিজস্ব প্রতিবেদন, মালদা: করোনা সংক্রমণের মধ্যে বিনামূল্যে বাড়ি বাড়ি চিকিৎসা দিয়ে বেড়াচ্ছেন জেনারেল ফিজিশিয়ান ডা জোয়েব ফারহাদ বিশ্বাস। কালিয়াচকের জালালপুর গ্রাম পঞ্চায়েতের এখন কলকাতার কেপিসি মেডিক্যাল কলেজের ডিগ্রিধারী ডা জোয়েব ফারহাদ বিশ্বাস সাধারণ মানুষের কাছে নয়নের মণি হয়ে উঠেছেন। কেউ আবার ওই ডাক্তার বাবুকে হিরো বলে ডাকতে শুরু করেছেন। কাঁচা মাটির রাস্তা পেরিয়ে প্রতিদিন সকালে মোটরবাইকে গ্রামের বাড়ি বাড়ি চিকিৎসা দিতে ছুটে চলেছেন চিকিৎসক বিশ্বাস। জন্মসূত্রে কালিয়াচক মোজামপুর এলাকার বাসিন্দা হলেও ছোট থেকেই তিনি পড়েছেন ভিন রাজ্যে। পরবর্তীকালে কেপিসি মেডিক্যাল কলেজের এমবিবিএস সম্পূর্ণ করে শুরু হয়

ডাক্তারি। কিন্তু কয়েক বছর বাইরে চিকিৎসা পরিষেবা দেওয়ার পরেও মন টেকেনি এই চিকিৎসকের। মাটির টানে গ্রামের দুঃস্থ অসহায় মানুষদের পরিষেবা দিতেই ফিরে এসেছেন কালিয়াচকে।

মঙ্গলবার জালালপুর গ্রাম পঞ্চায়েতের ফতেখানি গ্রামে শতাধিক গরীব মানুষদের বিনামূল্যে চিকিৎসা পরিষেবা দেন জোয়েব। সঙ্গে ছিলেন তাঁর দুই সহকর্মী ওয়াসিম আকরাম ও ডক্টর মামুন আল হাসান। একজন চক্ষু বিশেষজ্ঞ অন্যজন দন্ত বিশেষজ্ঞ। ওরাও জন্মসূত্রে কালিয়াচকের বাসিন্দা। তবে এখন ভিন রাজ্যে যাওয়ার কোনও চিন্তা-ভাবনা করছেন না-ডা জোয়েব ফরহাদ বিশ্বাস। এমনকী, কলকাতায় চেম্বার থাকলেও তা বন্ধ করে কালিয়াচকের গ্রামের বাড়িতে ফিরে এসেছেন তিনি। আর গ্রামবাসীদের কাছে এখন এই ডাক্তারবাবু নয়নের মণি হয়ে উঠেছেন। এদিন গ্রামে গিয়ে দেখা যায়, অনেকেই বলছেন হ্যালো ডাক্তারবাবু। কথাটা শুনে অবাক হওয়ার মতোই।

NOTICE

Notice is hereby given that Akanksha Welfare Foundation is holding shares of 3 (three) nos of private limited company based on Kolkata, which we wish to liquidate. Any Person interested in acquiring those share may contact at 9007384328.

Lost & Found

Regarding the loss of the fixed deposit certificate number CC/13138042 in the name of PUSPO NAIYA.The notice should give anyone 14 days time who finds the certificates and claim. Please contact on HDFC LTD. Ramon House, HT Parekh Marg 169 Backbay Reclamation Churchgate, Mumbai - 400020

কন্টিনেন্টাল ভালভ্‌স লিমিটেড

রেজিস্টার্ড অফিস : ৭৫৬, আনন্দপুর,
ইএম বাইপাস, কলকাতা-৭০০১০৭
CIN: L29221WB1982PLC057718

সেবি (এলওডিআর) রেগুলেশনস ২০১৫-র রেগুলেশন ৪৭-এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯ অনুসারে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা নির্ধারিত হয়েছে সোমবার, ৯ নভেম্বর, ২০২০ তারিখে যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচিত হবে।

কলকাতা আভেরি মিশ্র
০৩.১১.২০২০ কোম্পানি সেক্রেটারি

অ্যাপেক্স ট্রেডার্স অ্যান্ড এক্সপোর্টার্স লিমিটেড

রেজিস্টার্ড অফিস: পোদ্দার পয়েন্ট, ১১তম
তল, ১১৩ পার্ক স্ট্রিট, কলকাতা-৭০০০১৬
CIN : U51909WB1980PLC033173

সেবি (এলওডিআর) রেগুলেশনস ২০১৫-র রেগুলেশন ৪৭-এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯ অনুসারে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা নির্ধারিত হয়েছে সোমবার, ৯ নভেম্বর, ২০২০ তারিখে যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচিত হবে।

কলকাতা পবন কুমার আগরওয়াল
০৩.১১.২০২০ ডিরেক্টর

জয়ন্তী কর্মাশিয়াল লিমিটেড

CIN: L51109WB1983PLC035795
রেজিঃ অফিস :৩৪এ, মেটকাফ স্ট্রিট, ৪র্থ তল, ফ্ল্যাট-৩এফ, কলকাতা-৭০০০১৩
দূরভাষ: (০৩৩) ৪০১৪০১০০, ফ্যাক্স: +৯১ ৩৩ ৪০১৪০১৯৯
ই-মেল: jayanticommercial@yahoo.com
ওয়েবসাইট: www.jayanticommercial.com

নোটিস

সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিকক্লোজার রিকোয়ামমেন্টস) রেগুলেশন ২০১৫-এর রেগুলেশন ২৯ (১) (এ) এবং ৪৭ (১) (এ) অনুযায়ী এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, অন্যান্য বিষয়ের মধ্যে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক-এর স্ট্যান্ডঅ্যালোন ও কনসলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদনের জন্য কোম্পানির বোর্ড অফ ডিরেক্টর্সের একটি সভা ১১ নভেম্বর, ২০২০ তারিখ বুধবার বিকেল ৩টায় কোম্পানির রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে।

এছাড়া পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট **www.jayanticommercial.com** এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট **www.cse-india.com** ওয়েবসাইটে।

বোর্ডের আদেশানুসারে
জয়ন্তী কর্মাশিয়াল লিঃ-এর পক্ষে
স্বা/- চন্দ্রনাথ ব্যানার্জি
কোম্পানি সেক্রেটারি

তারিখ: ০৩/১১/২০২০
স্থান: কলকাতা

ডাইনামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড

রেজিঃ অফিস: ৪০৯, স্বাইকা সেন্টার, ৪এ, পোলক স্ট্রিট,
কলকাতা (পঃবঃ) ৭০০০০১
ফোন: ০৩৩-২২৩৪২৬৭৩
ওয়েবসাইট : www.dynamicarchistructures.com
ই-মেল: info@dynamicarchistructures.com
ফোন নং- ০৩৩ ২২৩৭ ৭২০১
CIN- L45201WB1996PLC077451

সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস্, ২০১৫ -র রেগুলেশন ৪৭(১) অনুসারে, এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা কোম্পানির রেজিস্টার্ড অফিসে মঙ্গলবার, ১০ নভেম্বর, ২০২০ তারিখে বিকেল ৪.০০টায় অনুষ্ঠিত হবে, যেখানে অন্যান্য বিষয়ের সঙ্গে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখ সমাপ্ত দ্বিতীয় ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে। রেগুলেশনস ৪৭(২) অনুযায়ী এই বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.dynamicarchistructures.com পাওয়া যাবে এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com -তেও পাওয়া যাবে।

বোর্ডের আদেশানুসারে
ডাইনামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড-এর পক্ষে
স্বা/- দানমল পরওয়াল
স্থান: কলকাতা চেয়ারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টর
তারিখ: ৩ নভেম্বর, ২০২০ DIN: 00581351

আশিয়ানা হাউজিং লিমিটেড

CIN: L70109WB1986PLC040864
রেজিঃ অফিস- ১১জি, এভারেস্ট, ৪৬/সি, চৌরঙ্গী রোড, কলকাতা-৭০০০৭১
হেড অফিস- ইউনিট নং ৪ ও ৫, ৪র্থ তল, প্লট নং ডি-২, সাকেত ডিস্ট্রিক্ট সেন্টার, সাকেত, নয়া দিল্লি-১১০০১৭
ফোন- ০১১-৪২৬৫৪২৬৫, ফ্যাক্স- ০১১-৪২৬৫ ৪২০০
ই-মেল- investorrelations@ashianahousing.com
ওয়েবসাইট- www.ashianahousing.com

বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, কোম্পানির ডিরেক্টরস বোর্ডের পরবর্তী সভা বৃহস্পতিবার, ১২ নভেম্বর, ২০২০ বেলা ১০.৩০টায় ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে অনুষ্ঠিত হবে যেখানে অন্যান্য রুটিন আইটেম লেনদেন ছাড়াও ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের কোম্পানির অনিরীক্ষিত ত্রৈমাসিক আর্থিক ফলাফল বিবেচনা এবং অনুমোদন করা হবে। কোম্পানির হেড অফিস- ইউনিট নং ৪ ও ৫, ৪র্থ তল, সাকেত ডিস্ট্রিক্ট সেন্টার, সাকেত, নয়া দিল্লি-১১০০১৭ থেকে উক্ত সভার প্রশাসনিক কার্যকলাপ ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে পরিচালিত হবে।

পর্ষদের আদেশানুসারে
আশিয়ানা হাউজিং লিঃ-এর পক্ষে
স্বা/- নীতিন শর্মা
স্থান- নয়া দিল্লি (কোম্পানি সেক্রেটারি)
তারিখ- ০৩/১১/২০২০ ACS: 21191

SOMANY HOME INNOVATION LIMITED

Regd. Office: 2, Red Cross Place,
Kolkata- 700 001
Ph: 033-22487407 / 5668,
E-mail: investors@shilgroup.com
Website: www.shilgroup.com
CIN : L74999WB2017PLC222970

NOTICE

Pursuant to Regulations 29 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, NOTICE is hereby given that a meeting of the Board of Directors of the Company will be held in Gurugram on Tuesday, the 10th November, 2020, to consider and approve inter alia Standalone and Consolidated Un-audited Financial Results together with the Segment wise Revenue, Results and Capital Employed for the quarter and half year ended 30th September, 2020 along with the Statement of Assets and Liabilities and Cash Flow Statement as on that date.

The information contained in this notice is also available on the Company's website at www.shilgroup.com and on the website of the Stock Exchanges where the Company's shares are presently listed viz. www.bseindia.com and www.nseindia.com

For **Somany Home Innovation Limited**
Sd/-
(Payal M. Puri)
Company Secretary and
V.P. General Counsel
Place: Kolkata
Dated: 03.11.2020

Rohit Ferro-Tech Limited

Regd. Office: 35, C. R Avenue, 4th Floor,
Kolkata-700 012
Phone No. +91-33-22110225
Corporate Office: 'SKP HOUSE',
132A, S. P Mukherjee Road, Kolkata-700 026
Phone No. +91-33-40168000/8100
Fax: +91-33-40168170
Website: www.rohitferrotech.com,
Email: cs@rohitferrotech.com
CIN: L27104WB2000PLC091629

NOTICE

[Under Corporate Insolvency Resolution Process]

Pursuant to Regulation 47 read with Regulation 29 of SEBI (Listing Obligations and Disclosures Requirements) Regulations, 2015, notice is hereby given that a meeting of Resolution Professional with Directors and Key Managerial Personnel of the Company is scheduled to be held on Thursday, 12th November, 2020, inter-alia, to consider and approve among other matters, the Unaudited Financial Results, both on standalone and consolidated basis for the quarter and half year ended on 30th September, 2020.

For Rohit Ferro-Tech Limited
Sd/-
Date : 3rd November, 2020 A. P. Shaw
Place : Kolkata Company Secretary

Office of the
PROSADPUR GRAM PANCHAYAT
Vill - Prosadpur,
P.O- Haribhanga,
P.S & Dist-Murshidabad
Memo No- 503/PGP
Date- 14/10/2020

NIeT. No. 05/PGP/2020-21 of Misc., Memo No. 502/PGP/En, dated. 14/10/2020

Date of publishing: 02/11/2020 from 5.00 p.m on htpp://wbtenders.gov.in

Bid downloading starts from: 02/11/2020 from 5.00 p.m

Bid Downloading ends : 10/11/2020 up to 5.00 p.m

Last date of Bid submission: 10/11/2020 upto 5.00 p.m

Technical Bid opening date: 13/11/2020 at 11.00 a.m

For details logon to htpp://wbtenders.gov.in or contact with office of the undersign.

Sd/-Prodhan
Prosadpur G.P, M-J Block

এনপিআর ফিনান্স লিঃ

“টেডি ম্যানসন”, ১, লু-সান সরণি,
১০ম তল, কলকাতা-৭০০০৭৩
CIN- L65921WB1989PLC047091
ওয়েবসাইট : www.nprfinance.com
ই-মেল: npr1@nprfinance.com
ফোন নং- ০৩৩ ২২৩৭ ৭২০১

বিজ্ঞপ্তি

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস্, ২০১৫ -র রেগুলেশন ৪৭-এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯ অনুসারে, এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা শুক্রবার, ১৩ নভেম্বর, ২০২০ তারিখে বিকেল ৫.০০টায় কোম্পানির রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে, যেখানে অন্যান্য বিষয়ের সঙ্গে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখ সমাপ্ত ত্রৈমাসিক এবং ছয় মাস সময়ের জন্য কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে।

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস্, ২০১৫ ধারা ৪৬ অনুযায়ী এই বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট (www.nprfinance.com), via the link: http://www.nprfinance.com/filecontent/NOTICE_SEPTEMBER%2020.pdf -তে প্রদর্শিত আছে। এই বিজ্ঞপ্তি বিএসই লিঃ-র কর্প. অ্যানাউন্সমেন্ট বিভাগ, যেখানে কোম্পানির শেয়ার নিবন্ধভুক্ত আছে (www.bseindia.com)-তেও পাওয়া যাবে।

পর্ষদের আদেশানুসারে
রিম্পা রায়
স্থান: কলকাতা কোম্পানি সেক্রেটারি
তারিখ: ০৩.১১.২০২০ সদস্য নং A27781

রিলায়েন্স জুট মিলস্ (ইন্টারন্যাশনাল) লিমিটেড

CIN: L17125WB1996PLC081382
রেজিঃ অফিস : আইডিয়াল প্লাজা, সাউথ ব্লক, ৫ম তল
১১/১, শরৎ বোস রোড, কলকাতা-৭০০০২০
দূরভাষ: (৯১) (৩৩) ২২৮০ ৭০১৭/১৮, ফ্যাক্স: (৯১) ২২৮০ ৭০১৬
ই-মেল : financeho@reliancejute.com,
ওয়েবসাইট : www.reliancejute.com

বিজ্ঞপ্তি

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-এর রেগুলেশন ২০১৫ -র রেগুলেশন ৪৭-এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯ অনুসারে, এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা, বুধবার, ১১ নভেম্বর, ২০২০ তারিখ অনুষ্ঠিত হবে নির্ধারিত হয়েছে, যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত কোম্পানির ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে। উক্ত বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট http/www.reliancejute.com-এ এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট http/www.cse-india.com -এও পাওয়া যাবে।

রিলায়েন্স জুট মিলস্
(ইন্টারন্যাশনাল) লিঃ-এর পক্ষে
স্বা/- (এস. কে. আগরওয়াল)
প্রেসিডেন্ট(ফিনান্স) অ্যান্ড কোম্পানি সেক্রেটারি
স্থান: কলকাতা
তারিখ: ৩ নভেম্বর, ২০২০

নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড

CIN: L92419WB1989PLC046487
রেজিঃ অফিস : ‘ঝিল মিল’,
সেক্টর-৪, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ১০৬
দূরভাষ: ০৩৩ ৬৬২৮৫৫২৮/৫৫১৮,
ফ্যাক্স: ০৩৩ ২৩৫৭ ২১১৬
ই-মেল: niccopark@niccoparks.com
ওয়েবসাইট: www.niccoparks.com

বিজ্ঞপ্তি

সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন ২০১৫ -এর রেগুলেশন ৪৭ -এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯-এর সঙ্গে সঙ্গতি রেখে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, অন্যান্য বিষয়ের মধ্যে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবর্ষের জন্য কোম্পানির অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন ও কনসোলিডেটেড আর্থিক ফলাফল বিবেচনা, অনুমোদন ও নিবন্ধভুক্ত করার জন্য কোম্পানির বোর্ড অফ ডিরেক্টর্সের একটি সভা ১১ নভেম্বর, ২০২০ তারিখ বুধবার অনুষ্ঠিত হবে বলে নির্ধারিত আছে।

এছাড়াও বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, কোম্পানির ডিরেক্টরগণ ও মনোনীত কর্মীদের দ্বারা ইকুইটি শেয়ার নিয়ে কারবারের জন্য ট্রেডিং উইন্ডো মনোনীত ব্যক্তিদের দ্বারা নিয়ন্ত্রণ চালস ও রিপোর্ট করতে কোম্পানির “বোর্ড অফ কনডাক্ট”-এর শর্তে স্টক এক্সচেঞ্জগুলিতে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবর্ষের জন্য অনিরীক্ষিত স্ট্যান্ড অ্যালোন ও কনসালিডেটেড আর্থিক ফলাফল দাখিলের পরে ৪৮ ঘন্টা অতিক্রান্ত না হওয়া পর্যন্ত বন্ধ থাকবে।

উপরোক্ত জ্ঞাপনী এছাড়া পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট **www.niccoparks.com** এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট যথা বিএসই **www.bseindia.com** এবং সিএসই **www.cse-india.com** ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস
লিমিটেড-এর পক্ষে
স্বা/-
রাহুল মিত্র
প্রেসিডেন্ট এবং কোম্পানি সেক্রেটারি
তারিখ: ০৩ নভেম্বর, ২০২০
স্থান: কলকাতা

জেনেসিস এক্সপোর্টস লিমিটেড

CIN: L26919WB1981PLC033906
রেজিঃ অফিস : চিত্রকূট, ১১তম তল, ২৩০এ, এ.জে.সি বোস রোড, কলকাতা-৭০০০২০
দূরভাষ: ৭৬০৪০ ৮৮৮১৪/১৫/১৬/১৭, ফ্যাক্স: ০৩৩ ২২৮৭ ০২৮৪
ই-মেল: genesis.exports@genesisexp.com ওয়েবসাইট: www.genesisexp.com

বিজ্ঞপ্তি

সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন ২০১৫ ধারা ২৯-এর সঙ্গে পঠিতব্য ধারা ৪৭-এর সঙ্গে সঙ্গতি রেখে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানি পরিচালন পর্ষদের সভা বৃহস্পতিবার, ১২ নভেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত হবে বলে নির্ধারিত আছে, যেখানে অন্যান্য বিষয়ের সঙ্গে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবর্ষের জন্য কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে। এই বিজ্ঞাপ্তিটি কোম্পানির ওয়েবসাইট http://www.genesis.exp.com এও পাওয়া যাবে।

জেনেসিস এক্সপোর্টস লিমিটেড-এর পক্ষে
স্বা/-
নিধি রথি
কোম্পানি সেক্রেটারি
তারিখ: ০৪/১১/২০২০
স্থান: কলকাতা

মানাকসিয়া লিমিটেড

রেজিঃ অফিস : টার্নার মরিসন বিল্ডিং, ৬ লায়ন্স রেঞ্জ, মেজানাইন ফ্লোর,
নর্থ-ওয়েস্ট কর্নার, কলকাতা-৭০০ ০০১
কর্পোরেট আইডেন্টিটি নাম্বার: L74950WB1984PLC038336
দূরভাষ: +৯১-৩৩-২২৩১ ০০৫৫, ই-মেল: investor.relations@manaksia.com
ওয়েবসাইট: www.manaksia.com

বিজ্ঞপ্তি

২০১৫ সালের সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-এর রেগুলেশন ২৯ -এর সঙ্গে পঠিত রেগুলেশন ৪৭ অনুযায়ী এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা যাচ্ছে যে, অন্যান্য বিষয়ের মধ্যে ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের জন্য কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল (স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড উভয়ই) বিবেচনা, অনুমোদন ও নথিভুক্ত করার উদ্দেশ্যে হল কোরাম-৪, দি ললিত গ্রেট ইস্টার্ন, ১, ২, ৩, ওল্ড কোর্ট হাউজ স্ট্রিট, ডালহৌসি স্কোয়ার, কলকাতা-৭০০ ০৬৯-তে ১০ নভেম্বর, ২০২০ তারিখ মঙ্গলবার কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরসের একটি সভা অনুষ্ঠিত হবে।

তথ্যটি আরও পাওয়া যাবে বিএসই লিমিটেডের ওয়েবসাইট (www.bseindia.com) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (www.nseindia.com) -এর ওয়েবসাইটে যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত আছে এবং তা আরও পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.manaksia.com -তেও।

মানাকসিয়া লিমিটেড-এর পক্ষে
প্রদীপ কুমার কান্ডার
(কোম্পানি সেক্রেটারি)
স্থান: কলকাতা
তারিখ: ৩ নভেম্বর, ২০২০

মানাকসিয়া স্টিলস লিমিটেড
STEELS AN ISO 9001 : 2015 COMPANY

কর্পোরেট আইডেন্টিটি নাম্বার L27101WB2001PLC138341
রেজিঃ অফিস : টার্নার মরিসন বিল্ডিং, ২য় তল,
৬ লায়ন্স রেঞ্জ, কলকাতা-৭০০ ০০১
দূরভাষ: +৯১-৩৩-২২৩১ ০০৫৫, ই-মেল: info@manaksiasteels.com
ওয়েবসাইট: www.manaksiasteels.com

বিজ্ঞপ্তি

২০১৫ সালের সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-এর রেগুলেশন ৪৭ অনুযায়ী এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা যাচ্ছে যে, *অন্যান্য বিষয়ের মধ্যে* ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের জন্য কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল (স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড উভয়ই) বিবেচনা, অনুমোদন ও নথিভুক্তির উদ্দেশ্যে হল কোরাম-৪, দি ললিত গ্রেট ইস্টার্ন, ১, ২, ৩, ওল্ড কোর্ট হাউজ স্ট্রিট, ডালহৌসি স্কোয়ার, কলকাতা-৭০০ ০৬৯-তে মঙ্গলবার, ১০ নভেম্বর, ২০২০ তারিখ কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরসের একটি সভা অনুষ্ঠিত হবে।

তথ্যটি আরও পাওয়া যাবে বিএসই লিমিটেডের ওয়েবসাইট (www.bseindia.com) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (www.nseindia.com) -এর ওয়েবসাইটে যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত আছে এবং তা আরও পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট তথা www.manaksiasteels.com -তেও।

মানাকসিয়া স্টিলস লিমিটেড-এর পক্ষে
অজয় শর্মা
(কোম্পানি সেক্রেটারি)
স্থান: কলকাতা
তারিখ: ৩ নভেম্বর, ২০২০

মানাকসিয়া অ্যালুমিনিয়ম কোম্পানি লিমিটেড

রেজিঃ অফিস: ৮/১ লালবাজার স্ট্রিট, বিকানীর বিল্ডিং, ৪র্থ তল, কলকাতা-৭০০০০১
দূরভাষ নং: +৯১-৩৩-২২৪৩ ৫০৫৩
ই-মেল: info@malcoindia.co.in; ওয়েবসাইট : www.manaksiaaluminium.com
কর্পোরেট আইডেন্টিটি নাম্বার: L27100WB2010PLC144405

বিজ্ঞপ্তি

২০১৫ সালের সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-এর রেগুলেশন ২৯ -এর সঙ্গে পঠিত রেগুলেশন ৪৭ অনুযায়ী এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা যাচ্ছে যে, *অন্যান্য বিষয়ের মধ্যে* ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের জন্য কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা, অনুমোদন ও নথিভুক্ত করার উদ্দেশ্যে কোম্পানির রেজিস্টার্ড অফিসে ১১ নভেম্বর, ২০২০ তারিখ বুধবার কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরসের একটি সভা অনুষ্ঠিত হবে।

তথ্যটি আরও পাওয়া যাবে বিএসই লিমিটেডের ওয়েবসাইট (**www.bseindia.com**) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (**www.nseindia.com**) -এর ওয়েবসাইটে যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত আছে এবং তা আরও পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট **www.manaksiaaluminium.com** -তেও।

মানাকসিয়া অ্যালুমিনিয়ম কোম্পানি লিমিটেড-এর পক্ষে
বিবেক জৈন
(কোম্পানি সেক্রেটারি)
স্থান: কলকাতা
তারিখ: ৩ নভেম্বর, ২০২০

মানাকসিয়া কোটেড মেটালস্ অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড

রেজিঃ অফিস : ৮/১ লালবাজার স্ট্রিট, বিকানীর বিল্ডিং, ৪র্থ তল, কলকাতা-৭০০০০১
দূরভাষ: +৯১-৩৩-২২৪৩ ৫০৫৩
ই-মেল: infomcmil@manaksia.com; ওয়েবসাইট: www.manaksiacoatedmetals.com
কর্পোরেট আইডেন্টিটি নাম্বার L27100WB2010PLC144409

বিজ্ঞপ্তি

২০১৫ সালের সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-এর রেগুলেশন ২৯ -এর সঙ্গে পঠিত রেগুলেশন ৪৭ অনুযায়ী এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা যাচ্ছে যে, *অন্যান্য বিষয়ের মধ্যে* ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষ সময়ের জন্য কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল (স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড উভয়ই) বিবেচনা, অনুমোদন ও নথিভুক্ত করার উদ্দেশ্যে কোম্পানির রেজিস্টার্ড অফিসে ১১ নভেম্বর, ২০২০ তারিখ বুধবার কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরসের একটি সভা অনুষ্ঠিত হবে।

তথ্যটি আরও পাওয়া যাবে বিএসই লিমিটেডের ওয়েবসাইট (**www.bseindia.com**) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (**www.nseindia.com**) -এর ওয়েবসাইটে যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত আছে এবং তা আরও পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট **www.manaksiacoatedmetals.com** -তেও।

মানাকসিয়া কোটেড মেটালস্ অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
শৈলজা গুপ্তা
(কোম্পানি সেক্রেটারি)
স্থান: কলকাতা
তারিখ: ৩ নভেম্বর, ২০২০